

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তি মাগরিব ও ইশার সালাত একসাথে আদায় করতে চাইলে কিভাবে আদায় করবে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الْجَمْعِ بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ إِذَا أَرَادَ الْمُسَافِرُ ذَلِكَ

## আরবী

1591 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى تَقِيفَ قَالَ: حَدَّثَنَا اللَّيْتُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الطُّفَيْلِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ: قَالَ: حَدَّثَنَا اللَّيْتُ بْنُ سَعْدٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الطُّفَيْلِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ: قَالَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي غَزْوَةِ تَبُوكَ فَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخْرَ الشَّمْسِ أَخَّر الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا ثُمَّ سَارَ وَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخْر الْمَغْرِبِ حَتَّى مَلَلَى الظَّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا ثُمَّ سَارَ وَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخْر الْمَغْرِبِ حَتَّى الطَّهُمْ مَعَ الْعِشَاءِ وَإِذَا ارْتَحَلَ بَعْدَ الْمَغْرِبِ عَجَّل الْعِشَاءَ فَصَلَّاهَا مَعَ المعرب. يُصَلِّيهَا مَعَ المعرب. الله الله على الطهوب على المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : معاذ بن جبل ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1991 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (878)، الصفحة أو الرقم: 1991 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (878)، المَعْرِبُ مُحَمَّدَ بْنَ إِسْحَاقَ التَّقَفِيُّ يَقُولُ: سَمِعْتُ قُتَيْبَةَ بْنَ سَعِيدِ يَقُولُ: عَلَيْهِ عَلَامَةُ سَبْعَةِ سَمَعْتُ مُحَمَّدَ بْنَ إِسْحَاقَ التَّقَفِيُّ يَقُولُ: سَمَعْتُ قُتَيْبَةَ بْنَ سَعِيدِ يَقُولُ: عَلَيْهِ عَلَامَةُ سَبْعَةِ

## বাংলা

১৫৯১. মু'আয বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাবূক যুদ্ধে ছিলেন, তিনি সূর্য পশ্চিম আকাশে ঢলে যাওয়ার আগে যাত্রা শুরু করলে তখন তিনি যোহরকে আসরের সময় পর্যন্ত পিছিয়ে দিতেন তারপর দুই সালাত এক সাথে আদায় করতেন। আর যদি সূর্য পশ্চিম

مِنَ الْحُفَّاظِ كَتَبُوا عَنِّي هَذَا الْحَدِيثَ: أَحْمَدُ بْنُ حَنْبَلِ وَيَحْيَى بْنُ مَعِينِ وَالْحُمَيْدِيُّ وَأَبُو

بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ وَأَبُو خَيْثَمَةَ ..... حَتَّى عد سبعة.



আকাশে ঢলে যাওয়ার পর যাত্রা শুরু করতেন, তখন তিনি যোহর ও আসরকে এক সাথে সালাত আদায় করতেন তারপর তিনি রওয়ানা হতেন।" [1]

তিনি সূর্য অস্ত যাওয়ার আগে যাত্রা শুরু করলে, তখন মাগরিবকে ইশার সময় পর্যন্ত পিছিয়ে দিতেন তারপর দুই সালাত এক সাথে আদায় করতেন। আর যদি যাত্রা শুরু করার আগে সূর্য অস্ত যেতো, তখন তিনি ইশার সালাতকে এগিয়ে নিয়ে মাগরিবের সাথে আদায় করতেন।"[2]

ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আমি মুহাম্মাদ বিন ইসহাক সাকাফীকে বলতে শুনেছি, তিনি বলেন, আমি কুতাইবা বিন সা'ঈদ বলতে শুনেছি, তিনি বলেন যে, তার উপর সাত হুম্ফাযের ছাপ রয়েছে, তারা আমার থেকে এই হাদীস লিপিবদ্ধ করেছেন। তাঁরা হলেন, আহমাদ বিন হাম্বাল, ইয়াহইয়া বিন মা'ঈন, হুমাইদী, আবূ বকর ইবনু আবী শায়বাহ, আবূ খাইসামাহ... এভাবে তিনি সাত জনের গুণে গুণে বর্ণনা করেন। "

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭০৪; আবূ দাউদ: ১২১৯; নাসাঈ: ১/২৮৭; আবূ আওয়ানা: ২/৩৫১; শারহু মা'আনিল আসার: ১/১৬৪; সুনান বাইহাকী: ৩/১৬১; বাগাবী: ১০৪০; সহীহ ইবনু খুয়াইমাহ: ৯৬৯; মুসান্নাফ ইবনু শায়বাহ: ২/৪৫৬; বায্যার: ৬৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১০৫)

[2] আবূ দাউদ: ১২১৮; আবূ আওয়ানা: ২/৩৫২; সুনান বাইহাকী: ৩/১৬১; সহীহ আল বুখারী: ১১১২; মুসনাদ আহমাদ: ৩/২৪৭; সহীহ মুসলিম: ৭০৪; সুনান বাইহাকী: ৩/১৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন